Volunteer with us

Kerry Volunteer Centre

Ionad d'Obair Dheonach Ciarraí

স্বেচ্ছাসেবকদের জন্য তথ্য নির্দেশিকা

www.volunteerkerry.ie

Kerry Volunteer Centre
Ionad d'Obair Dheonach Ciarraí

কেরিতে বসবাসকারী মানুষদের স্বেচ্ছাসেবক হওয়ার যাত্রায় সহায়তা করার উদ্দেশ্যে স্বেচ্ছাসেবকদের জন্য এই তথ্য নির্দেশিকা তৈরি করা হয়েছে। এই নির্দেশিকায় সহজ তিনটি ধাপে স্বেচ্ছাসেবা শুরু করার পন্থা তুলে ধরা হয়েছে। স্বেচ্ছাসেবকদের সহায়তা সহকারে কেরি ভলান্টিয়ার সেন্টার এই তথ্য নির্দেশিকা তৈরি করেছে, যাতে মানুষ স্বেচ্ছাসেবক হিসেবে একটি ইতিবাচক ও অর্থবহ অভিজ্ঞতা অর্জন করতে পারে।

স্বেচ্ছাসেবা বলতে কী বোঝায়?

আয়ারল্যান্ডের জাতীয় স্বেচ্ছাসেবা কৌশল অনুযায়ী, স্বেচ্ছাসেবা হল 'সাধারণ কল্যাণের জন্য আর্থিক লাভ ছাড়াই, আনুষ্ঠানিকভাবে বা অনানুষ্ঠানিকভাবে, ইচ্ছাকৃতভাবে দেওয়া যে কোনো সময়।'

কাউন্টি কেরি এবং পুরো আয়ারল্যান্ডে স্বেচ্ছাসেবার গৌরবময়, সমৃদ্ধ এবং সক্রিয় এক ইতিহাস রয়েছে। আসলে, আয়ারল্যান্ডে প্রতি বছর প্রায় 1 মিলিয়ন মানুষ স্বেচ্ছাসেবায় অংশ নেয়! স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি, সামাজিক সেবা, পরিবেশ এবং শিল্পকলা, জীবনের এমন নানা ক্ষেত্রে স্বেচ্ছাসেবকেরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। কেরির প্রতিটি প্রান্তেই স্বেচ্ছাসেবকেরা নানা ধরনের সেবা প্রদান করছে, যা স্থানীয় কমিউনিটিগুলোর জীবনমান উন্নয়নে বড় ভূমিকা রাখছে।

মানুষ কেন বয়সভেদে স্বেচ্ছায় তাদের সময়, দক্ষতা ও শক্তি অন্যদের উপকারে বিলিয়ে দেয়, তার পেছনে অনেক রকম কারণ আছে। স্বেচ্ছাসেবা মূলত নিঃস্বার্থ একটি সিদ্ধান্ত, যা অন্যের কল্যাণের জন্য গ্রহণ করা হয়, তবে এর মাধ্যমে যারা স্বেচ্ছাসেবা করে, তাদের জীবনেও এটি অনেক ইতিবাচক প্রভাব ফেলে।

স্বেচ্ছাসেবার মাধ্যমে একজন স্বেচ্ছাসেবক যেসব ইতিবাচক অভিজ্ঞতা অর্জন করতে পারে, তার মধ্যে আছে:

- ✓ নতুন দক্ষতা অর্জন এবং বিদ্যমান দক্ষতাগুলোকে আরো ঝালিয়ে নেওয়া
- ✓ একই রকম আগ্রহের নতুন মানুষের সঙ্গে পরিচিত হওয়া
- ✓ মূল্যবান অভিজ্ঞতা লাভ করা
- ✓ নিজের আশপাশের সমাজের সঙ্গে যুক্ত থাকার অনুভূতি
- ✓ কারো জীবনে কোনো একটি পরিবর্তন আনার সুযোগ করে দেওয়া
- ✓ মনের মতো মানুষের সঙ্গে আনন্দে সময় কাটানো



কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্র কীভাবে সাহায্য করতে পারে?

কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্রের দলটি ভদ্র এবং জ্ঞানী। তারা আপনাকে পরামর্শ, গাইডেন্স এবং মধ্যস্থতা পরিষেবা দিতে পারে যাতে আপনি স্বেচ্ছাসেবা সম্পর্কে সকল কিছু জানতে পারেন এবং আপনি প্রস্তুত হলে স্বেচ্ছাসেবক হিসাবে কাজ শুরু করতে পারেন। আপনি আপনার পছন্দ অনুসারে কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্রের পরিষেবাগুলি অ্যাক্সেস ও ব্যবহার করতে পারবেন। আপনি ব্যক্তিগতভাবে, ফোনে এবং অনলাইনে পরিষেবাগুলি পেতে পারেন, পছন্দ আপনার!

কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্র **আয়ারল্যান্ডের 29 টি স্বেচ্ছাসেবক কেন্দ্রের** মধ্যে একটি। স্বেচ্ছাসেবক কেন্দ্রগুলি বিভিন্ন ধরণের বিনামূল্যে পরিষেবা সরবরাহ করে যা স্বেচ্ছাসেবী হতে আগ্রহী ব্যক্তিদের তাদের আগ্রহ, উপলভ্যতা এবং পছন্দ অনুসারে স্বেচ্ছাসেবার সুযোগ(গুলি) খুঁজে পেতে সহায়তা করে। কেরি ভলান্টিয়ার সেন্টার 2003 সাল থেকে কেরিতে স্বেচ্ছাসেবকদের সহায়তা করছে এবং স্বেচ্ছাসেবক সংশ্লিষ্ট সংগঠনকে শক্তিশালী করে আসছে।

স্বেচ্ছাসেবায় সফলতার জন্য 3টি ধাপ

আপনার সফল স্বেচ্ছাসেবকের অভিজ্ঞতা অর্জনের জন্য নিজেকে প্রস্তুত করার কাজটি গুরুত্বপূর্ণ, এবং আপনাকে সাফল্য অর্জনে সহায়তা করার জন্য নীচে 3টি ধাপ রয়েছে।

ধাপ 1: আপনি কাজ করার আগে প্রশ্ন করুন

ইতিবাচক স্বেচ্ছাসেবীর অভিজ্ঞতা অর্জনের জন্য আপনি প্রথমে আপনার অনুপ্রেরণা, অগ্রাধিকার, উপলভ্যতা, সহায়তার শর্তাবলী এবং পছন্দগুলি সম্পর্কে সম্পূর্ণ স্বচ্ছ হওয়ার জন্য সময় নেওয়া খুবই গুরুত্বপূর্ণ বিষয়। নিজেকে নিম্নের প্রশ্নগুলি করে দেখুন?

- ✓ আমি কেন স্বেচ্ছাসেবক হতে চাই?
- ✓ আমি কোন ধরনের স্বেচ্ছাসেবার সুযোগ সন্ধান করছি? আমার আগ্রহের বিষয়টা কী?
- ✓ আমি স্বেচ্ছাসেবা থেকে কী অর্জন করতে চাই?
- ✓ আমার কোন কোন ধরনের দক্ষতা আছে যা আমি অন্যদের সাথে শেয়ার করতে পারি?
- ✓ আমার কোন কোন আগ্রহ, শখ বা দক্ষতা আছে বা বিকাশ ঘটাতে চাই?
- ✓ স্বেচ্ছাসেবার কাজে আমি কতটুকু সময় দিতে পারব? (আপনার অন্যান্য প্রতিশ্রুতির কথাগুলো মনে রাখবেন!)
- ✓ আমি কোন কোন সময় স্বেচ্ছাসেবক হতে পারি - সন্ধ্যায়, সপ্তাহের দিন বা সাপ্তাহিক ছুটির দিনে?
- ✓ আমি কতটুকু সময়ের প্রতিশ্রুতি দিতে পারি; স্বল্পমেয়াদী, এককালীন প্রকল্প, সপ্তাহে একবার, দীর্ঘমেয়াদী ইত্যাদি?
- ✓ আমি কি স্বেচ্ছাসেবার জন্য ভ্রমণ করতে পারব?
- ✓ স্বেচ্ছাসেবকের কাজের ভ্রমণে কি আর্থিক ব্যয় সংশ্লিষ্ট থাকবে?
- ✓ আমার দক্ষতার স্তর কি? (উদাহরণস্বরূপ, এমন সুযোগ থাকতে পারে যার জন্য একটি নির্দিষ্ট স্তরের ইংরেজি দক্ষতা বা আইসিটি প্রয়োজন, তাই স্বেচ্ছাসেবার সুযোগের জন্য আবেদন করার আগে আপনার সাবলীলতা এবং দক্ষতা সম্পর্কে পরিষ্কার হয়ে নিন)

স্বেচ্ছাসেবক গ্রহণকারী সংস্থার চাহিদা এবং প্রত্যাশা সম্পর্কে সচেতন হওয়াও সমানভাবে গুরুত্বপূর্ণ। অনেক সংস্থার জন্য তারা স্বেচ্ছাসেবীদের নিযুক্ত করে যাতে তারা পরিষেবা প্রদান অব্যাহত রাখতে পারে, ফান্ড রেইজিং-এর মাধ্যমে তহবিল সংগ্রহ করতে পারে, অতিরিক্ত পরিষেবা সরবরাহ করতে পারে এবং অতিরিক্ত বিশেষজ্ঞ জ্ঞান এবং দক্ষতা আনতে পারে। স্বেচ্ছাসেবকদের সম্পৃক্ত করে সংস্থা তার পরিষেবা সরবরাহ প্রসারিত করা সম্ভবপর করে। মনে রাখবেন, সংস্থাগুলি আশা করবে যে আপনি সময়মতো উপস্থিত হবেন, আপনার নির্ধারিত কাজগুলি সম্পাদন করবেন এবং যদি আপনি উপস্থিত থাকতে বা ভূমিকা পালন করতে না পারেন তবে তাদের সাথে যোগাযোগ করে জানিয়ে দিবেন।

ধাপ 2: কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্রের ওয়েবসাইটে অনলাইনে যান

স্বেচ্ছাসেবকরা কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্রের ওয়েবসাইট www.volunteerkerry.ie -কে স্বেচ্ছাসেবা সম্পর্কে জানার জন্য একটি খুব উপকারী রিসোর্স বলে মনে করে। অনেকে তাদের সাথে সংশ্লিষ্ট হওয়ার জন্য উপলভ্য বিভিন্ন স্বেচ্ছাসেবার সুযোগ সম্পর্কে জানতে ওয়েবসাইটটি ব্যবহার করে। ওয়েবসাইটটিতে স্বেচ্ছাসেবীদের জন্য বিশেষভাবে ডিজাইন করা প্রচুর প্রাসঙ্গিক বিকল্প রয়েছে, নীচের চিত্র অনুসারে:

আপনি ওয়েবসাইটের ছবিতে যেমনটা দেখতে পাচ্ছেন, কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্রের ওয়েবসাইটে **- www.volunteerkerry.ie** লোকজন স্বেচ্ছাসেবার কাজে তাদের আগ্রহ নিবন্ধন করতে পারে যা তাদেরকে I-Vol (জাতীয় স্বেচ্ছাসেবী তথ্যভাণ্ডার) এ নিয়ে যাবে, যেখানে তারা আপনার ব্যক্তিগত স্বেচ্ছাসেবক প্রোফাইল/রেকর্ড তৈরি করবে।

যখন কোনো ব্যক্তি **অনলাইনে নিবন্ধন করে,** তখন তাদের স্বেচ্ছাসেবার আগ্রহ, অগ্রাধিকার এবং উপলভ্যতা সম্পর্কে চ্যাট করার জন্য **কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্র থেকে যোগাযোগ করা হবে (ফোন বা ইমেলের মাধ্যমে - অনুগ্রহ করে জাঙ্ক/স্প্যাম চেক করুন)**। স্বেচ্ছাসেবকদের জন্য তাদের বিভিন্ন প্রশ্ন জিজ্ঞাসা করার এবং সহায়তা পাওয়ারও এটি একটি সুযোগ।

একবার কোনো ব্যক্তি নিবন্ধিত হয়ে গেলে, তাদের আয়ারল্যান্ডের জাতীয় স্বেচ্ছাসেবক ডাটাবেসে একটি অনন্য প্রোফাইল থাকবে এবং তারপরে www.volunteerkerry.ie ওয়েবসাইটের মাধ্যমে সরাসরি **স্বেচ্ছাসেবার সুযোগের জন্য তাদের আগ্রহ নিবন্ধন করতে পারবে।** অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে যে, মানুষ প্রতিটি স্বেচ্ছাসেবার চাহিদাগুলো মনোযোগ সহকারে পড়ে দেখবে, যাতে কোনো সুযোগে জড়িত হওয়ার আগ্রহ নিবন্ধন করার আগে তা তাদের জন্য উপযুক্ত কিনা তা মূল্যায়ন করে দেখতে পারে।

ধাপ 3: আপনার স্বেচ্ছাসেবার সুযোগগুলি সাবধানে বেছে নিন

স্বেচ্ছাসেবার কাজ খুব ফলপ্রসূ অভিজ্ঞতা দিতে পারে, তবে তা চ্যালেঞ্জিংও হতে পারে। আপনি সাবধানতার সাথে এমন কিছু পছন্দ করে নিন যা নিশ্চিত করবে যে আপনি তা উপভোগ করবেন। সঠিক সুযোগ খুঁজে পেতে সময় লাগতে পারে তবে হাল ছেড়ে দেবেন না - আপনার পক্ষে সঠিক এমন কিছুর জন্য অপেক্ষা করাই যথার্থ। এ ধরণের **সুযোগের** মধ্যে রয়েছে:

- ✓ বন্ধুত্ব করা - কমিউনিটির বয়স্ক ব্যক্তি, প্রতিবন্ধী বা স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত ব্যক্তি বা দেশে নতুন আগতদের মতো কাউকে সহায়তা এবং বন্ধুত্ব দেওয়া
- ✓ শিক্ষা - অতিরিক্ত সহায়তার প্রয়োজন এমন কারো টিউটরিং করা, দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখানো, প্রতিবন্ধী শিক্ষার্থীদের বা আঘাত থেকে আরোগ্য লাভে কাউকে সহায়তা করা
- ✓ ইভেন্ট - ইভেন্ট স্বেচ্ছাসেবকরা নিশ্চিত করে যে স্থানীয় উৎসব। এবং কমিউনিটির ইভেন্টগুলি নির্বিঘ্নে পালিত হয় এবং সকলের অভিজ্ঞতা উপভোগ্য হয়
- ✓ তহবিল সংগ্রহ - রাস্তায় সংগ্রহের মাধ্যমে দাতব্য প্রতিষ্ঠানের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করা, দাতব্য দোকানে স্বেচ্ছাসেবক হিসাবে কাজ করা, বা এমনকি কোনো সংস্থার জন্য তহবিল কৌশল ডিজাইন করতে সহায়তা করা
- ✓ অনলাইন – সংস্থাগুলির প্রায়শই সহায়তার প্রয়োজন হয় যেখানে স্বেচ্ছাসেবীরা তাদের নিজস্ব সময়ে ঘরে বসেই করে দিতে পারে, যেমন ওয়েব ডিজাইন, বিপণন পরিকল্পনা তৈরি করা বা সামাজিক মিডিয়া অ্যাকাউন্টগুলির যত্ন গ্রহণ
- ✓ ব্যবহারিক সহায়তা - সংস্থাগুলিতে প্রায়শই ডি.আই.ওয়াই, পেইন্টিং, বাগান করা বা ড্রাইভিংয়ের মতো আরও ব্যবহারিক কাজগুলিতে সহায়তা করার জন্য স্বেচ্ছাসেবীদের প্রয়োজন হয়
- ✓ স্বল্পমেয়াদী - স্বেচ্ছাসেবা কাজ মানেই দীর্ঘ সময় ধরে অনেক সময় দেওয়ার প্রতিশ্রুতি নয়। অনেক সংস্থার স্বল্পমেয়াদী বা এককালীন নির্দিষ্ট প্রকল্প এবং কাজের জন্য সহায়তা প্রয়োজন হয়

আপনি সংশ্লিষ্ট হওয়ার জন্য আপনার আগ্রহ নিবন্ধন করার আগে শর্তাবলী, সময়, অবস্থান বা প্রতিটি সুযোগের বিবরণ পড়ার জন্য আপনার সময় নিন। আপনার জন্য উপযোগী কাজ খুঁজে নিতে সময় নিন। একজন নিবন্ধিত স্বেচ্ছাসেবক I-Vol -এ স্বেচ্ছাসেবার সুযোগে "**Register**" ক্লিক করলে, কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্র ভূমিকার বিশদ আলোচনা করতে এবং যথার্থতা মূল্যায়ন করতে তার সাথে যোগাযোগ করবে।

যদি কোনো স্বেচ্ছাসেবক স্বেচ্ছাসেবার সুযোগের জন্য আবেদন করার সিদ্ধান্ত নেয়, তবে কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্রের কর্মীরা স্বেচ্ছাসেবককে এই সুযোগের শর্তাবলী যেমন সময়ের প্রতিশ্রুতি, আবেদন প্রক্রিয়া, সংশ্লিষ্ট বাছাই (যেমন গার্ডা ভেটিং), প্রয়োজনীয় দক্ষতা, ইত্যাদি বোঝার জন্য সহায়তা করবে।

কেরি ভলান্টিয়ার সেন্টার এরপর স্বেচ্ছাসেবকের নাম, ফোন নম্বর এবং ইমেল ঠিকানা স্বেচ্ছাসেবকের আগ্রহের সংস্থায় পাঠাবে বা তাকে সংস্থার রেফারেল প্রক্রিয়া এবং স্বেচ্ছাসেবীদের সম্মতির উপর নির্ভর করে সংস্থাগুলির যোগাযোগের বিশদ সরবরাহ করবে।

পরবর্তীতে, সংস্থা এই সুযোগ নিয়ে আলোচনা করতে এবং সুযোগের জন্য তাদের উপযুক্ততা মূল্যায়ন করতে সরাসরি স্বেচ্ছাসেবকদের সাথে যোগাযোগ করবে। তারা স্বেচ্ছাসেবকের যে

Volunteer Opportunites in Kerry

Looking to volunteer locally? Listed below are the volunteer opportunities currently available throughout Kerry for you to register your interest in getting involved with.

Search

Organisation Name	Volunteer Opportunity	Place of Volunteering	Activity that reflects opportunity
Killarney Mountain Meitheal	Rhododendron Eradication Volunteers	Abbey Wood Muckross Road Killarney	Conservation/Gardening
Ard Chúram Day Care Centre North Kerry	Befriender for Dementia Unit	Ard Chúram Day Care Centre, Greenville, Listowel, Co.Kerry	Driving/Accompanying
Alone Kerry	Support & Befriending Day Time Volunteer - Ballybunion	Ballybunion	Befriending/Mentoring
Alone Kerry	Support & Befriending Day Time Volunteer - Caherciveen	Caherciveen area	Befriending/Mentoring
South West Kerry FRC	Board Member	Cahersiveen	Committee/Board work/Management

« ‹ ... 1 2 3 4 5 ... › »

কোনো প্রশ্নের উত্তর দেবে এবং তারা সবচেয়ে উপযুক্ত স্বেচ্ছাসেবকদের নিয়োগ এবং সংশ্লিষ্টতা নিশ্চিত করার জন্য তাদের ব্যবহার করা বাছাই এবং নির্বাচন প্রক্রিয়ার মানদণ্ড ব্যাখ্যা করবে। সংস্থা সম্পর্কে এবং আপনার কাছ থেকে কী প্রত্যাশা করা হয় সে সম্পর্কে য়ারো জানার জন্য এটি আপনার জন্য একটি সুযোগ।

যদি কোনো স্বেচ্ছাসেবক প্রত্যাশী সংস্থার কাছ থেকে উত্তর না পায় তবে সে কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্রকে অবহিত করতে পারে যাতে তারা সংস্থার সাথে যোগাযোগ করতে পারে এবং সমস্যার সমাধান করতে পারে। একবার আপনি স্বেচ্ছাসেবার কাজ শুরু করলে, কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্রের দল আপনাকে সহায়তা করার জন্য পাশে থাকবে এবং চলমান ভিত্তিতে আপনার সাথে যোগাযোগ করতে থাকবে।

আসুন মনে রাখা যাক

আসুন মনে রাখি যে স্বেচ্ছাসেবা একটি পছন্দের বিষয়! কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্রের কর্মীরা আপনাকে আপনার জন্য সর্বোত্তম পছন্দ বেছে নিতে সহায়তা করার জন্য আপনার পাশে আছেন। আপনি যে স্বেচ্ছাসেবার সুযোগগুলির সাথে জড়িত হতে চান সেগুলি সাবধানে বেছে নিন, এবং এই ভিত্তিতে বেছে নিন যে সেগুলো আপনার জন্য মানানসই এবং আপনিও সম্ভবত সংস্থার জন্য উপযুক্ত হবেন। কেরি স্বেচ্ছাসেবক কেন্দ্র আপনাকে সাহায্য এবং গাইড করার জন্য আপনার সাথে রয়েছে।

কেরি ভলান্টিয়ার সেন্টার আপনাকে সহায়তা দিতে ও পথ দেখাতে প্রস্তুত। স্বেচ্ছাসেবক থাকাকালীন নিজেকে উপভোগ করতে ভুলবেন না!

7 Maine St, Tralee, Co. Kerry V92 HC0H
Office Hours – Mon – Fri: 9:30 – 17:30, By Appointment
E: info@volunteerkerry.ie | T: (+353) 66 711 7966